

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
(বোর্ড প্রশাসন-২ শাখা)

নথি নং-০৯(৮২)বোর্ড প্রশাসন-১/২০১৩/

তারিখঃ ২১ মাঘ, ১৪২৫
০৩ ফেব্রুয়ারি, ২০১৯

আদেশ


যেহেতু, জনাব মোঃ সাইদুল ইসলাম, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর বিরুদ্ধে স্ত্রী কর্তৃক বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, মাদারীপুর এ যৌতুক নিরোধ আইনের ধারায় ২০/২০১৮নং এবং নারী ও শিশু নির্যাতন ট্রাইব্যুনাল, মাদারীপুরের ২৩৩/২০১৮নং মামলা দায়ের হওয়ায় জাতীয় রাজস্ব বোর্ডের ১৩/০৮/২০১৮ তারিখের ৯(৮২)বোঃপ্রঃ-১/২০১৩/১৪৯২ সংখ্যক অফিস আদেশে তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয় ;

০২। যেহেতু, বর্ণিত মামলাটিতে পরস্পর আপোষ নিষ্পত্তির অঙ্গীকারনামার ভিত্তিতে রায় প্রদান করা হয়েছে ;

০৩। যেহেতু, জাতীয় রাজস্ব বোর্ডের বিজ্ঞ আইন কর্মকর্তা কর্তৃক প্রদানকৃত মতামত পর্যালোচনার দেখা যায় যে, দুটি ফৌজদারী মামলায় অভিযুক্ত হওয়ার কারণে সাময়িক বরখাস্ত হওয়ায় পর তিনি উভয় মামলা হতে সংশ্লিষ্ট আদালত কর্তৃক খালাস সাব্যস্ত হয়েছেন। তাই তাঁর সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা যায় মর্মে মতামত প্রদান করা হয়েছে ;

০৪। সেহেতু, জনাব মোঃ সাইদুল ইসলাম এর সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করে তাকে সরকারি চাকুরিতে পূর্ববাহাল করা হলো। বাংলাদেশ সার্ভিস রুলস্, পার্ট-১ এর বিধি-৭২(বি) অনুসারে তার সাময়িক বরখাস্তকাল বিনা বেতনে ছুটি হিসেবে গণ্য করা হলো এবং তাঁর বরখাস্তকালীন সময়ের উক্ত ছুটি “ছুটির হিসাব” হতে বাদ যাবে এবং প্রদত্ত খোরাকী ভাতা ছুটিকালীন বেতনের সাথে সমন্বয় করতে হবে। তাঁর সাময়িক বরখাস্তকালীন সময় হবে ২৪/০৬/২০১৮ হতে ১০/০১/২০১৯ তারিখ পর্যন্ত বিবেচিত হবে।

০৫। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।


(মুহাম্মদ কামরুল হাসান)
(উপ-সচিব)
প্রথম সচিব (বোর্ড প্রশাসন)
ফোন-৯৩৫২৫২৯


ই-মেইল # masudtithi@yahoo.com.

নথি নং-০৯(৮২)বোর্ড প্রশাসন-১/২০১৩/ ১৩২(৪)

তারিখঃ ২১ মাঘ, ১৪২৫
০৩ ফেব্রুয়ারি, ২০১৯

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

০১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সিজিএ, সেগুনবাগিচা, ঢাকা।
০৩. হিসাব রক্ষণ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৪. জনাব আনতারা আনিকা পিয়া/জনাব মোঃ ফরহাদ খান পাঠান, সহকারী প্রোগ্রামার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাঁকে জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধসহ)।
০৫. পি এ টু সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৬. জনাব মোঃ সাইদুল ইসলাম, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।


(মুহাম্মদ কামরুল হাসান)
(উপ-সচিব)
প্রথম সচিব (বোর্ড প্রশাসন)।